

“মুজিব বর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা
কর্মসংস্থান শাখা
www.bmet.gov.bd

তারিখ: ১০/১২/২০২০ খ্রিঃ

স্মারক নং-৪৯.০১.০০০০.০২২.২৯.০০১.১৪. ২০৭৪২

বিষয়: সৌদি মানব সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত Labour Reform Initiative(LRI) সংক্রান্ত।

তারিখ: ১০/১২/২০২০ খ্রিঃ।

সূত্র: প্রশাসনিক মন্ত্রণালয়ের পত্র নং-৪৯.০০.০০০০.১০২.১৮.০৬৫.১৬.৩১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌদি আরবের মানব সম্পদ ও সামাজিক উন্নয়ন মন্ত্রণালয় তাদের National Transformation Programme (NTP) এর অংশ হিসেবে গত ০৪ নভেম্বর ২০২০ শ্রম খাতে সংস্কারের জন্য Labour Reform Initiative(LRI) নামে একটি প্রোগ্রাম ঘোষণা করেছে। উক্ত ইনিশিয়েটিভে তিনটি সুবিধার বিষয়ে উল্লেখ করা হয়েছে। এগুলো হলোঃ

- কোনো কর্মী কর্তৃক তার বর্তমান স্পন্সরের সঙ্গে চুক্তি শেষ হলে নতুন কোম্পানী/স্পন্সরের নিকট ট্রান্সফারের ক্ষেত্রে বর্তমান স্পন্সরের অনুমোদন/অনুমতি প্রয়োজন না হওয়া।
- বর্তমান স্পন্সরের সঙ্গে চুক্তি শেষ হলে এক্সিট ভিসা প্রাপ্তির ক্ষেত্রেও বর্তমান স্পন্সরের অনুমোদন/অনুমতি প্রয়োজন না হওয়া।
- চুক্তি মোতাবেক প্রাপ্য ছুটি ভোগের জন্য কর্মী আবেদন করলে স্পন্সরের অনুমতি ব্যতিরেকেই এক্সিট-রিএন্ট্রি ভিসা প্রাপ্তি।

উক্ত ইনিশিয়েটিভ দ্বারা কাফালা সিস্টেম বিলুপ্ত হয়নি, বরং কিছু ক্ষমতা (স্পন্সরের অনুমতি ব্যতিরেকে ট্রান্সফার, এক্সিট রি এন্ট্রি ও এক্সিট ভিসা প্রাপ্তি) কর্মীকে প্রদান করা হয়েছে যা বর্তমানে স্পন্সরের কাছে নিরঙ্কুশভাবে রয়েছে। বর্তমানে এসব ক্ষমতা স্পন্সরের নিকট থাকায় স্পন্সরগণ অনেক ক্ষেত্রেই এর সুযোগ নিয়ে কর্মীদের শোষণ করার সুযোগ পান। আলোচ্য সংস্কারসমূহ স্পন্সর কর্তৃক প্রবাসী কর্মীদেরকে আর্থিকভাবে শোষণ করার মাত্রা কমাতে এবং সৌদি আরবে বৈধ কর্মে কর্মরত প্রবাসী শ্রমিকদের সহজে ও বৈধভাবে কর্ম পরিবর্তনে সহায়ক হবে মর্মে প্রতীয়মান হয়। উল্লেখ্য যে, এই সুবিধাগুলো ভোগ করতে হলে অবশ্যই কর্মীদের অনলাইন সিস্টেম ব্যবহারের সাথে পরিচিত হতে হবে।

এমতাবস্থায়, সৌদি আরবগামী কর্মীদের মধ্যে বর্ণিত বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সংযুক্ত পত্রের নির্দেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২০.১২.২০

(ডি.এম.আতিকুর রহমান)

উপসচিব

পরিচালক (কর্মসংস্থান)।

ফোন নং-০২-৮৩০৫৬৫

Email: directoremployment@bmet.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১.পরিচালক(প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা),বিএমইটি,ঢাকা।
- ২.উপপরিচালক,অর্থ ও আইটি,বিএমইটি, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২.অধ্যক্ষ,ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি(সকল)।
- ৩.অধ্যক্ষ,টেকনিক্যাল ট্রেনিং সেন্টার(সকল)।
- ৪.সহকারী পরিচালক,ডিইএমও(সকল)।
- ৫.মহাসচিব, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ(বায়রা),১৩০,নিউ ইস্কাটন রোড,ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।

- ১.মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২.অফিস কপি।